

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
 (২) অনুমোদিত দরের কপি।
 (৩) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ “Procurement of various type solenoid valve, cylinder etc. for STDB & SDIP of Dasherakandi STP”
 শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।


ক্রমিক নং -১ হতে ৩ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে ঢাকা ওয়াসার আওতায় বাস্তবায়িত আলোচ্য দাশেরকান্দি পয়ঃশোধনাগারের O&M কার্যক্রম গত ০১/০৭/২০২৩ তারিখ হতে ঢাকা ওয়াসার তত্ত্বাবধানে চলমান রয়েছে।


০২। আলোচ্য পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন পয়ঃশোধনাগার। আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation কার্যক্রম সর্বাধুনিক প্রযুক্তি ও উন্নত মেশিনারিজ দ্বারা পরিচালিত হয়। পয়ঃশোধনাগারের আওতায় ১টি SLS, ১টি Inlet Pumping Station, ৮টি SST, ৪টি AAO Tank, ৪টি PST, ২টি Sludge Pump Station, ১টি Sludge Storage Tank, ১টি Sludge Thickening & Dewatering Building, ২টি Sludge Cake Storage Tank, ১টি Sludge Drying & Incineration Plant (SDIP) ইত্যাদি বিদ্যমান রয়েছে। আলোচ্য পয়ঃশোধনাগারের Sludge cake storage tank হতে আগত ৭৪% moisture সমৃদ্ধ Sludge, Plunger Pump এর মাধ্যমে SDIP তে অবস্থিত ২টি Intermediate Sludge Storage Tank এ প্রেরণ করা হয়। উক্ত Sludge, High Pressure Sludge Screw Pump এর মাধ্যমে Spray Drying Tower এ Spray Gun এর মাধ্যমে High Pressure Air দিয়ে Spray করা হয়। ফলে উক্ত Sludge পরবর্তীতে Rotary Kiln এর মধ্যে পুড়ে Fly ash উৎপন্ন হয়। Plunger pump গত ৪ বছর ধরে চলমান রয়েছে। ইতোমধ্যে কিছু oil return valve, নষ্ট হয়ে কম্পেসর বন্ধ রয়েছে। Plunger pump এর ১৪০ main Cylinder সহ কিছু ইলেকট্রিক্যাল Overload relay, magnetic contractor, fire stopper, Grinder machine ক্রয় করা প্রয়োজন। সেপ্রেক্ষিতে বর্ণিত মালামাল ক্রয়ের লক্ষ্যে পয়ঃশোধনাগারের আওতায় অনুমোদিত দরের ভিত্তিতে ১টি প্রাক্কলন প্রস্তুত হয়েছে (ক্রমিক নং-২ ও ৩ দ্রঃ)। প্রাক্কলিত মোট মূল্য ২৪,৯৯,১৬৭.০০ (চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার একশত সাতষট্টি টাকা) মাত্র। উল্লেখ্য, আলোচ্য কাজের ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রাপ্ত রাজস্ব বাজেটের Water and Sewer Treatment Plants (O & M) (01-04-025) খাত এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১২২ হতে নির্বাহ করা হবে।


০৩। আলোচ্য “Procurement of various type solenoid valve, cylinder etc. for STDB & SDIP of Dasherakandi STP” কাজটি CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PG3 অনুসরণে e-GP তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) এ দরপত্র আহবানের মাধ্যমে সম্পূর্ণ করা হবে। দরপত্র দলিলের e-TDS অংশের ITT1.1 এ procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ইত্যাদি সকল কার্যক্রম গ্রহণ করা হবে।


০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার লক্ষ্যে solenoid valve, cylinder etc. ক্রয়ের নিমিত্তে “Procurement of various type solenoid valve, cylinder etc. for STDB & SDIP of Dasherakandi STP” শীর্ষক কাজটি e-GP প্রক্রিয়ায় PPR-2025 এর ধারা ৭৮ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) -তে CPTU এর Standard Tender Document (STD) এর e-PG2 অনুসরণে সম্পাদনের নিমিত্তে মোট ২৪,৯৯,১৬৭.০০ (চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার একশত সাতষট্টি টাকা) মাত্রের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।



 মোঃ আল আমিন
 উপ-সহকারী প্রকৌশলী
 দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
 ঢাকা ওয়াসা।



 ১৭.০৫.২০২৬
 আসিফ কবির
 সহকারী প্রকৌশলী
 দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
 ঢাকা ওয়াসা।


 ১৭/০৫/২৬
 মোঃ আল আমিন
 নির্বাহী প্রকৌশলী
 দাশেরকান্দি পয়ঃশোধনাগার
 ঢাকা ওয়াসা।


 ১৭/০৫/২৬
 মির্জা গোলাম কিবরিয়া
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
 ঢাকা ওয়াসা।

০৫। স্বাক্ষর অনুমোদিত,


 ১৬/৫/২৬


 ১৭/০৫/২৬
 শওকত মাহমুদ
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।